13

| | |
|---|---|
| তারিখ 13 SEP 1993 | |
| পৃষ্ঠা ... 1 ... | কলাম ... 2 ... |

আজকের কাগজ

# ডিসেম্বরে ঢাকায় সার্ক পররাষ্ট্র মন্ত্রীরা বৈঠকে বসছেন

মোস্তাক হোসেন ঃ সপ্তম সার্ক শীর্ষ সম্মেলনে গৃহীত কর্মসূচি ও লক্ষ্যসমূহ কার্যকরের অগ্রগতি নিয়ে আলোচনার জন্যে সার্কভুক্ত দেশের পররাষ্ট্র মন্ত্রিরা এ বছরের ডিসেম্বর মাসে এক আনুষ্ঠানিক বৈঠকে মিলিত হবেন। সার্কের বর্তমান চেয়ারম্যান বাংলাদেশের পক্ষে পররাষ্ট্রমন্ত্রী মোস্তাফিজুর রহমান সার্ক পররাষ্ট্র মন্ত্রীদের এ বৈঠকে সভাপতিত্ব করবেন বলে আশা করা হচ্ছে। গতকাল দুপুরে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়কালে পররাষ্ট্র সচিব রিয়াজ রহমান সার্ক পররাষ্ট্র মন্ত্রীদের বৈঠকের কর্মসূচি ঘোষণা করে বলেন, এ বৈঠকে সার্কের বর্তমান চেয়ারপার্সন প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার চেয়ারম্যানশীপের মেয়াদকাল নির্ধারণ এবং ভারতে অনুষ্ঠিতব্য অষ্টম সার্ক শীর্ষ সম্মেলনের তারিখ নির্ধারণ নিয়েও মত বিনিময় হবে। রিয়াজ রহমান বলেন, সার্ক পররাষ্ট্রমন্ত্রীদের এ বৈঠকের আলোচ্যসূচির মধ্যে থাকবে সার্ক দেশগুলোর সর্বশেষ আর্থ-সামাজিক পরিস্থিতি, সাপটা' চুক্তি বাস্তবায়নের কার্যকর পদ্ধতি নিরূপণ, দক্ষিণ এশিয়ার উন্নয়ন, তহবিলের অগ্রগতি নিয়ে পর্যালোচনা। এ ছাড়া '৯৪ সালে জাতিসংঘ আয়োজিত বিশ্ব জনসংখ্যা সম্মেলনে সার্ক দেশগুলোর করণীয় বিষয়গুলো নিয়েও সার্ক পররাষ্ট্রমন্ত্রিরা মতবিনিময় করবেন। সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের উত্তরে রিয়াজ রহমান জানান, ঢাকায় অনুষ্ঠিত সপ্তম সার্ক শীর্ষ সম্মেলনের কর্মসূচি বাস্তবায়নের জন্যে ইতিমধ্যেই বেশকিছু কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। সার্ক চেতনাকে গতিময় করার জন্যে সার্ক চেয়ারপার্সন প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার সভানেত্রীত্বে একটি উপ-কমিটি গঠন করে সার্কভুক্ত দেশের একশ' কোটি মানুষের আর্থ-সামাজিক উন্নতির জন্যে প্রচেষ্টা চালানো হচ্ছে। এ ছাড়া সার্ক কর্মসূচি কার্যকর করার জন্যে একটি কার্যকরি কমিটিও গঠিত হয়েছে। রিয়াজ রহমান জানান, সাপটা এবং দক্ষিণ এশিয়ার উন্নয়ন তহবিলের সফল বাস্তবায়নের মাধ্যমেই সার্ক চেতনাকে এগিয়ে নেয়ার উদ্যোগ গ্রহণ করা হবে।